



হাদির মৃত্যুকে কেন্দ্র করে ইলিয়াসের নেতৃত্বে প্রথম আলো ও ডেইলি স্টার কার্যালয়ে হামলা



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদির মর্মান্তিক মৃত্যুর খবর ছড়িয়ে পড়ার পর প্রবাসী সাংবাদিক ইলিয়াসের নেতৃত্বে দেশের শীর্ষ দুই গণমাধ্যম প্রথম আলো ও ডেইলি স্টারে কারওয়ান বাজারস্থ অফিসে হামলা চালায় বিক্ষুব্ধ জনতা।

গতকাল বৃহস্পতিবার রাতে বিক্ষোভকারীরা মূলত সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়ানো তথ্য এবং ইলিয়াসের উসকানিতে উত্তেজিত হয়ে এ ঘটনা ঘটিয়েছে। হামলাকারীরা পত্রিকার অফিসে আগুন ধরানোর পাশাপাশি অফিসে থাকা সম্পদ লুটপাট করেছে। অনেক সাংবাদিক অফিসের ভিতরে আটকা পড়েন। পরে সেনাবাহিনী দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আটকা পড়া সাংবাদিক ও কর্মচারীদের উদ্ধার করে।

হামলার ফলে অফিসের কাগজপত্র, কম্পিউটার ও অন্যান্য সরঞ্জামাংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। আজ প্রথম আলো ও ডেইলি স্টার পত্রিকা প্রকাশ হচ্ছে না। অনলাইন কার্যক্রম ও স্থবির হয়ে পড়ছে। সংবাদ সংস্থা এবং সাংবাদিক সংগঠনগুলো এ হামলার তীব্র নিন্দা জানিয়ে নিরাপত্তা নিশ্চিত করার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছে।

উল্লেখ্য, শরিফ ওসমান হাদি গুলিবিদ্ধ হয়ে উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুরে নেওয়া হয়। সেখানে চিকিৎসায় বৃহস্পতিবার (১৮ ডিসেম্বর) রাত পৌনে ১০টার দিকে তিনি শাহাদাত বরণ করেন।